



ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT – SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

10 JUNE 2024

7:35—7:40 AM IST

অষ্টাদশ লোকসভা নির্বাচনে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা প্রাপ্ত এন ডি এ মিত্রজ্যোতি গতকাল সন্ধ্যায় নরেন্দ্র মোদীর নেতৃত্বে কেন্দ্রে তৃতীয়বারের জন্য সরকার গঠন করেছে। নতুন দিল্লির রাষ্ট্রপতি ভবনে রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মু বিজেপির প্রবীণ নেতা নরেন্দ্র দামোরদ দাস মোদী সহ নতুন মন্ত্রিসভার সদস্যদের পদ ও গোপনীয়তার শপথবাক্য পাঠ করান। আজ বিকেলে নতুন মন্ত্রিসভার বৈঠক হতে পারে।

এদিকে মোদী মন্ত্রিসভায় কেবিনেট মন্ত্রী হিসেবে গতকাল যারা শপথ গ্রহণ করেছেন তারা হচ্ছেন রাজনাথ সিং , নীতিন গাডকারী , অমিত শাহ , জগৎ প্রকাশ নাড্ডা , শিবরাজ সিং চৌহান , নির্মলা সীতারমন , এস জয়শংকর , মনোহরলাল খট্টার , এস ডি কুমারাম্বামী , পীযুষ গোয়েল , ধর্মেন্দ্র প্রধান , জীতেনরাম মাঝি , রাজীব রঞ্জন সিংহ , বীরেন্দ্র কুমার , তেলেগু দেশম পাটীল রাম মোহন নাইডু , প্রহ্লাদ যোশী , জুয়েল ওরাং , গিরিরাজ সিং , অশ্বিনী বৈষ্ণু , জ্যোতিরাদিত্য মাধবরাও সিন্ধিয়া , ভূপেন্দ্র যাদব , গজেন্দ্র সিং শেখাওয়াত , অন্নপূর্ণা দেবী , হরদীপ সিং পুরী , মনসুখ মান্ডভিয়া , জি কিশান রেড্ডি , লোক জনশক্তি পাটীল চিরাগ পাশোয়ান এবং সি আর পাটিল ।

উত্তর-পূর্বাঞ্চলের রাজ্য গুলির মধ্যে আসাম থেকে সর্বাশ্রম সনোয়াল এবং অরুণাচল প্রদেশ থেকে কিরেন রিজিজু কেবিনেট মন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেছেন ।

এছাড়া আরো ৪২ জন জন প্রতিমন্ত্রী ও স্বাধীন দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেছেন । এরমধ্যে আসামের পবিত্র মার্ঘারিটাও রয়েছে ।

কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রক চিকিৎসা বিজ্ঞান স্নাতক পাঠ্যক্রমে নামভর্তীর জন্য আয়োজিত জাতীয় যোগ্যতা নির্ণয়ক প্রবেশ (নিট) পরীক্ষায় ১ হাজার ৫শো জনের অধিক পরীক্ষার্থীদের গ্রেস মার্ক প্রদান করার বিষয়টি পর্যালোচনা করার জন্য চার সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করেছে । জাতীয় পরীক্ষণ সংস্থা, এন টি এ-র সঞ্চালক প্রধান সুবোধ কুমার সিং নতুন দিল্লীতে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে জানান যে ইউ পি এস সি-র একজন প্রাক্তন অধ্যক্ষের নেতৃত্বে এই কমিটি গঠন করা হয়েছে । এন টি এ প্রধান আরো জানান যে কমিটি আগামী এক

সপ্তাহের মধ্যে এ সম্পর্কে প্রতিবেদন পেশ করবে এবং এর পর পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে। গত চৌঠা জুন এই পরীক্ষার ফল ঘোষণা করার পর পরীক্ষার্থীরা একাধিক সমস্যার অভিযোগ উত্থাপন করা সহ নতুন করে এই পরীক্ষা অনুষ্ঠিত করার দাবী জানিয়েছে। বহু পরীক্ষার্থী বিষয়টির উপযুক্ত বিচার চেয়ে আদালতেও হাজির হয়েছে।

আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় যোগ সাধনার ইতিবচক দিক সম্পর্কে জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধির জন্য কয়েকটি বিশেষ কার্যসূচি অনুষ্ঠিত করার প্রস্তুতি শুরু করেছে। কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সচিব সঞ্জয় জাজু এবং আয়ুষ বৈদ্য এই বিশেষ কার্যসূচি পর্যবেক্ষণ এবং পরিচালনা করবেন। আন্তর্জাতিক যোগ দিবসের সঙ্গে সঙ্গতি রেখে আকাশবাণী এবং দূরদর্শন যোগ বিশেষজ্ঞদের সাক্ষাৎকার এবং কয়েকটি প্রভাতী অনুষ্ঠান পুনঃপ্রচার করবে।

মণিপুরের জিরিবাম জেলায় বর্তমানে চলতে থাকা অস্থির পরিস্থিতির পরিপ্রেক্ষিতে সেই জেলায় বলবৎ করা অনির্দিষ্টকালীন কার্ফিউ আজও বহাল রয়েছে। জেলাটির আইন শৃঙ্খলা রক্ষায় অতিরিক্ত নিরাপত্তা বাহিনী মোতায়েন করা হয়েছে। নিরাপত্তা বাহিনীর জওয়ানরা জেলায় পায়ে হেঁটে টহল দিচ্ছে এবং গোষ্ঠী সংঘর্ষ এড়াতে জেলার স্পর্শকাতর এলাকাগুলিতে তল্লাশি চালানো হচ্ছে। উল্লেখ্য- কাছাড়-মণিপুর সীমান্তে মণিপুরের জিরিবাম জেলায় ধারালো অস্ত্রের আঘাতে নিহত এক কৃষকের মৃতদেহ উদ্ধারের পর থেকেই এই অশান্তির সূত্রপাত হয়। এর পরিপ্রেক্ষিতে জিরিবামের জেলা ম্যাজিস্ট্রেট গত বৃহস্পতিবার রাতে জিরিবামে কার্ফিউ জারী করেন। হিংসায় ক্ষতিগ্রস্ত গ্রামগুলির বাসিন্দারা সরকারের তৈরি করা ত্রাণ শিবিরে আশ্রয় গ্রহণ করেছেন। পুলিশ জানিয়েছে জেলায় স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনতে সবধরনের পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।

কাবুগঞ্জ জনতা কলেজের হীরক জয়ন্তী সমারোহ আগামী ২২ ও ২৩শে জুন বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে উদযাপন করা হবে। ঐতিহ্যবাহী এই কলেজটির ষাট বছর পূর্তি উপলক্ষে এই উৎসব আয়োজনের বিস্তারিত রূপরেখা তৈরি করার উদ্দেশ্যে গতকাল কলেজ প্রাঙ্গণে অধ্যক্ষ ডঃ দেবাশিস পালের পৌরহিত্যে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় কলেজের শিক্ষক-অশিক্ষক কর্মচারী, প্রাক্তনী সমিতির পদাধিকারী সদস্য সহ কলেজের ছাত্র-ছাত্রী ও শুভানুধ্যায়ীরা হীরক জয়ন্তী সমারোহের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন।

দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ুর প্রভাবে দেশের অন্যান্য কয়েকটি রাজ্যের সঙ্গে আসাম সহ উত্তর-পূর্বাঞ্চলের সব কটি রাজ্যে আগামী এক সপ্তাহ মাঝারী থেকে বজ্র বিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। ওই সময় ঘন্টায়

৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ারও সম্ভাবনা রয়েছে বলে ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগ সূত্রে জানানো হয়েছে।

হাইলাকান্দি জেলার রুরেল ডেভেলোপমেন্ট এন্ড সোসাল সার্ভিস অরগেনাইজেশনের উদ্যোগে এবং ও এন জি সি শিলচরের সহযোগিতায় গত শনিবার লালায় বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হয়েছে। এক প্রেস বার্তায় এখবর জানানো হয়েছে।
